

নেপ-এর মহাপরিচালক জনাব মোঃ ফজলুর রহমানের মৃত্যুতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয়ের শোক

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর মহাপরিচালক মোঃ ফজলুর রহমান গত ১৩ মে, ২০১৭ সকাল ৭.০০ ঘটিকায় দাপ্তরিক কাজে মাইক্রোবাস যোগে চট্টগ্রাম থেকে খাগড়াছড়ি যাওয়ার পথে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হন। পরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন (ইন্নালিল্লাহি ---রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তিনি স্ত্রী, ও একপুত্রসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

জনাব মোঃ ফজলুর রহমানের মর্মান্তিক মৃত্যুতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এমপি গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। আরও শোক প্রকাশ করেছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান।